NEW YORK STATE OF OPPORTUNITY. | Workers' Compensation Board

# আপনার শিডিউল লস অফ ইউজ অ্যাওয়ার্ড (Schedule Loss of Use Award) অনুধাবন করা



## আপনার স্থায়ী আঘাত কি আপনাকে ক্ষতিপূরণের অধিকারী করে?

### শিডিউল লস অফ ইউজ অ্যাওয়ার্ড (Schedule Loss of Use Award) কি?

***শিডিউল লস অফ ইউজ (SLU) অ্যাওয়ার্ড*** আপনার কর্মস্থলে আঘাতজনিত ক্ষতির ফলে শরীরের কোন অঙ্গ স্থায়ীরূপে কার্যকরী ক্ষতিগ্রস্থ হওয়ার ফলে উপার্জন বাধাগ্রস্থ হওয়ার দরুন আপনাকে নগদ অর্থ প্রদানের সুবিধা।

| নিম্নলিখিত যে কোনও আঘাতের জন্য একটি SLU অ্যাওয়ার্ড দেয়া যেতে পারে: | |
|---|---|
| বাহু (কাঁধ এবং কনুই) | পায়ের আঙ্গুল এবং/অথবা পায়ের বৃদ্ধাঙ্গুল |
| হাত (কব্জি এবং হাত) | চোখের দৃষ্টি (দৃষ্টিশক্তির ক্ষতি) |
| আঙ্গুল এবং/অথবা বৃদ্ধাঙ্গুল | শ্রবণ (শ্রবণের শক্তি হ্রাস) |
| পা (উরু এবং হাঁটু) | বিকৃতভাব (মুখ/দাগ, গলা, তালু) |
| পা (গোড়ালি) | |

### SLU অ্যাওয়ার্ডের যোগ্য কে?

SLU অ্যাওয়ার্ডের যোগ্য হতে হলে, আপনাকে নিম্নলিখিত আবশ্যকীয়তা পূরণ করতে হবে:

- আপনি আপনার আঘাত থেকে সম্ভাব্য সর্বাধিক পরিমাণে আরোগ্য লাভ করেছেন।
- আপনার চিকিৎসক একটি মেডিকাল রিপোর্ট জমা দিয়েছে যা বর্তমান স্থায়ী বিকলতা নির্দেশিকা অনুসরণ করে।
    - রিপোর্টে, আপনার চিকিৎসককে অবশ্যই বিবৃতি দিতে হবে যে আপনি সর্বাধিক চিকিৎসাগত উন্নতি (SMI) লাভ করেছেন।
- আপনার কর্মস্থলে প্রাপ্ত আঘাতের ফলে আপনার শরীরের আহত অঙ্গটিতে কার্যকরিতার স্থায়ী ক্ষতিসাধন হয়েছে।

হাড়, পেশী, তরুণাস্থি, টেনডন, স্নায়ু, রক্তবাহী শিরা এবং অন্যান্য টিস্যু ক্ষতিগ্রস্ত হওয়ার দরুন কার্যকরিতার স্থায়ী ক্ষতি হতে পারে।

একটি SLU অ্যাওয়ার্ড, স্থায়ীরূপে আপনার উপর্জান ক্ষমতা হারানোর ক্ষতিপূরণ প্রদান করে, যা Workers' Compensation Board (Board) এবং শ্রমিকদের ক্ষতিপূরণ আইন এবং নির্দেশিকার সাথে সামঞ্জস্যপূর্ণ।

### কিভাবে MMI নির্ধারিত হয়?

আপনার চিকিৎসককে অগ্রগতি সম্পর্কে এবং আপনি MMI তে পৌঁছেছেন কিনা তা আপনাকে জিজ্ঞাসা করতে হবে। যখন আপনার ডাক্তার বলবেন যে আপনি MMI তে পৌঁছেছেন, তখন তাকে বোর্ডের কাছে একটি মেডিকেল রিপোর্ট জমা দিতে হবে যেখানে বলা থাকবে যে, আপনি MMI তে পৌঁছেছেন। রিপোর্টে শরীরের আহত অঙ্গের পরীক্ষা সংযুক্ত থাকতে হবে, এবং আপনার শরীরের আহত অঙ্গে স্থায়ীভাবে কত শতাংশ কার্যকরীতা হারিয়েছেন তা উল্লেখ থাকতে হবে।

উদাহরণস্বরূপ, প্রতিবেদনটিতে বলা থাকতে পারে যে আপনি আঘাত পাওয়ার পূর্বাবস্থা থেকে আপনার 25% কম কার্যকারীতা রয়েছে। এটি সিডিউল লস অফ ইউজ (Schedule loss of use), বা SLU নামেও পরিচিত।

### ডাক্তারের মেডিক্যাল রিপোর্ট জমা দেওয়ার পর কি হবে?

- যদি বীমাকারী আপনার ডাক্তারের SLU শতাংশের সাথে সম্মত হয়, তবে সেই শতাংশটি ব্যবহার করে গণনা করা হবে আপনি কত সপ্তাহের বেনিফিট এবং পেমেন্ট পাবেন।
- যদি বীমাকারী আপনার ডাক্তারের শতাংশের সাথে একমত না হন, তবে বীমাকারী তার পরামর্শদাতা বা স্বাধীন মেডিকেল পরীক্ষক (IME) এর থেকে মতামত নিতে পারেন।
    - বোর্ড স্থায়ীত্ব সম্পর্কিত মেডিকেল রিপোর্ট এবং আপনার ডাক্তার ও IME থেকে SLU শতাংশ বিবেচনা করবে এবং আপনার SLU শতাংশ সম্পর্কে সিদ্ধান্ত নেবে।
    - এই শতাংশটি তখন কত সপ্তাহের বেনিফিট হবে এবং আপনি কত পেমেন্ট পাবেন তা নির্ধারণ করতে ব্যবহার করা হবে।
- সিদ্ধান্তটি দাখিল করার পর, বীমা প্রদানকারীর হতে 10 দিন সময় থাকবে পেমেন্ট করার জন্যে। যদি কোনো বিতর্ক তৈরী হয়, সিদ্ধান্তের 30 দিনের মধ্যে যেকোনও পক্ষ আপীল করতে পারবে।

## SLU অ্যাওয়ার্ডের পরিমান কত?

আপনার SLU অ্যাওয়ার্ড Workers’ Compensation আইন (বিধিবদ্ধ) দ্বারা নির্ধারিত হবে, যার মধ্যে আপনার শরীরের স্থায়ীভাবে আহত অঙ্গ অনুসারে প্রাপ্ত সুবিধার সর্বোচ্চ সংখ্যক সপ্তাহের নির্ধারিত সূচি (তালিকা) অন্তর্ভুক্ত হবে। সময়সূচী নিম্নরূপ:

**ক্ষতিপূরণের সর্বোচ্চ সম্ভাব্য সপ্তাহ**

| শরীরের অংশ | সপ্তাহ | শরীরের অংশ | সপ্তাহ | শরীরের অংশ | সপ্তাহ | শরীরের অংশ | সপ্তাহ |
|---|---|---|---|---|---|---|---|
| বাহু | 312 | পা | 205 | প্রথম আঙ্গুল | 46 | চতুর্থ আঙ্গুল | 15 |
| পা | 288 | চোখ | 160 | দ্বিতীয় আঙ্গুল | 30 | পায়ের বৃদ্ধাঙ্গলী | 38 |
| হাত | 244 | বৃদ্ধাঙ্গুলী | 75 | তৃতীয় আঙুল | 25 | পায়ের অন্যান্য আঙ্গুল | 16 |

এই সময়সূচী ব্যবহার করে, আপনার অ্যাওয়ার্ড নিম্নলিখিতের ওপর ভিত্তি করে গণনা করা হয়:

1. আপনি শরীরের যে অঙ্গ আঘাতপ্রাপ্ত হয়েছে।
2. বিচারকের সিদ্ধান্ত অনুযায়ী কার্যকারিত হ্রাসের শতাংশ বা SLU %।
3. আপনার গড় সাপ্তাহিক মজুরি।

আপনার গড় সাপ্তাহিক মজুরী (AWW) আপনার আঘাত ও অসুস্থতার তারিখ (টেক-হোম পেমেন্ট নয়) এর 52 সপ্তাহ পূর্বে আপনার সামগ্রিক মোট উপার্জনের উপর ভিত্তি করে, ওভারটাইম এবং অন্যান্য ক্ষতিপূরণ সহ। আপনার মোট উপার্জন 52 ভাগ করে AWW হিসাব করা হয়। উদাহরণস্বরুপ, যদি আপনার মোট আয় $"x" হয় তবে আপনার AWW পেতে হলে আপনি "x" কে 52 দ্বারা ভাগ করবেন।

নিম্নে সিডিউল লস অফ ইউজ অ্যাওয়ার্ড (Schedule Loss of Use Award) হিসাবের একটি উদাহরণ: একজন কর্মী কর্মস্থলে-আঘাতজনিত কারণে তার বাহু ব্যবহারের 25% কার্যকারিত হারায় এবং তার সাপ্তাহিক মজুরি (AWW) $900।

| SLU সুবিধার সর্বাধিক অনুমোদিত সপ্তাহ | লস অফ ইউজ এর শতকরা হার | সাপ্তাহিক SLU বেনিফিটের সময়কাল (312 x 25%) | গড় সাপ্তাহিক বেতন | সাপ্তাহিক SLU বেনিফিট (AWW x ⅔) | *SLU অ্যাওয়ার্ডের মোট পরিমাণ (78 x $600) |
|---|---|---|---|---|---|
| 312 | 25% | 78 | $900 | $600 | **$46,800** |

**অস্থায়ী বেনিফিটের পূর্বের কোনও পেমেন্ট, মোট SLU পুরস্কার থেকে বাদ দেওয়া হবে।*

## কিভাবে অ্যাওয়ার্ডগুলির অর্থ প্রদান করা হয়?

আপনাকে ইতিমধ্যেই পরিশোধ করা হয়েছে এমন যেকোনো অস্থায়ী সুবিধা আপনার SLU অ্যাওয়ার্ড থেকে কাটা হবে। আপনি যখন কাজের বাইরে ছিলেন, তখন আপনার নিয়োগকর্তা কর্তৃক আপনাকে প্রদানকৃত যেকোন মজুরি তাকে রিমবাস করা হবে। এই তহবিল সমূহ আপনার SLU পুরস্কার থেকে কাটা হবে। বাদবাকি পরিমাণ নিম্নলিখিত উপায়ে প্রদান করা হবে:

- SLUঅ্যাওয়ার্ড পুরোপুরি পরিশোধ না হওয়া পর্যন্ত আপনি আপনার স্বাভাবিক শ্রমিক ক্ষতিপূরণ চেক পাবেন
- আপনি আপনার SLU পুরস্কারের একটি থোক টাকা পেতে পারেন। আপনার সিদ্ধান্তটি যদি একটি শুনানিতে উপস্থাপিত হয়, তবে থোক টাকা আপনি সেই সময়ে চাইতে পারেন, অথবা আপনি বোর্ডকে অনুরোধ করে লিখতে পারেন। তারপর বোর্ড আপনাকে থোক টাকার চেক ইস্যু করার জন্যে বীমা প্রতিষ্টানকে নির্দেশ করবে।

## প্রশ্নাবলীসমূহ

Workers’ Compensation Board (Board) আপনার শিডিউল লস অফ ইউজ (Schedule Loss of Use) বুঝতে সহায়তা করতে পারে। বোর্ডে যোগাযোগ করার জন্য, কল করুন **(877) 632-4996** অথবা **claims@wcb.ny.gov** ইমেলকরুন।

বোর্ডে যোগাযোগ করার সময় অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্য প্রস্তুত রাখুন:

- আপনার নাম এবং WCB কেস নম্বর
- টেলিফোন নাম্বার (এলাকার কোড নম্বর সহ)
- বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ
- প্রাপ্ত যেকোন নথি বা চিঠি

নিউ ইয়র্ক স্টেট Workers’ Compensation Board আহত বা অসুস্থ ব্যক্তিদের বেনেফিট যথাযথ সরবরাহ নিশ্চিত করে এবং আইন মেনে চলার মাধ্যমে কর্মীদের এবং নিয়োগকারীদের অধিকার রক্ষা করে। বোর্ড সম্পর্কে আরো জানতে, wcb.ny.govভিজিট করুন।



BN-SLU-UnderstandingSLU-flat-1-v1 1-19 Bengali